





শিয়াল  
এবং  
দ্রাক্ষাফল




একদিন এক শিয়াল একটা  
গাছের ডালের সঙ্গে লতাপাতায়  
জড়িয়ে থাকা পাকা আঙ্গুরের  
সুন্দর সুন্দর ঘোকা দেখতে পেল।

আজ্ঞারগুলো রসে টইটসুর হয়ে  
প্রায় ফাটবার অপেক্ষায় ছিল।  
আর শিয়াল একদৃষ্টে মেই দিকে  
তাকিয়েই বসেছিল।






কিন্তু বেচারি শিয়ালের দুর্ভাগ্য, আজ্ঞারের থোকাগুলো  
গাছের ডালে অনেক উপরে ছিল।  
থোকা পেড়ে খাবার জন্যে সে অনেকবার লাফ়বাঁপ  
দিল। প্রথমবার অনেক দূর থেকে লাফ দিল। কিন্তু  
না!! হল না।



শিয়াল তবু ছেড়ে দেবার পাত্র নয়। এবার সে অন্ন  
দূরত্ব থেকে লাফ মারল, কিন্তু তবুও হল না।  
শিকার একেবারে মুখের গোড়ায় এসেও তার  
নাগালের বাইরে চলে গেল। বারংবার লফ়কাম্প মেরে  
চেষ্টা সে চালিয়ে গেল। এত করেও শেষমেশ সব  
চেষ্টাই বৃথা হল।



পরিশেষে, হাল ছেড়ে দিয়ে শিয়াল তার নাক ঘুরিয়ে বলল, "এগুলি  
সম্ভবত টক হয়। ফালতু সময় আমি এই আঙুরের পেছনে নষ্ট  
করছি। এর থেকে অন্য কাজে মন দেওয়াই ভাল"। এই বলে সে  
সেখান থেকে চলে গেল।

নীতিকথা - কঠোর পরিশ্রম ছাড়া কোন কিছুই সহজে আসে  
না। পরিশ্রম করলে সঠিক লক্ষ্যে পৌঁছান যায়।